গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০০০.০১৭.৯৯.০৩৯.২১ (অংশ-১)- ৯৯৫

তারিখ : ২৯ ফাল্গুন, ১৪২৮
১৪ মার্চ, ২০২২

বিষয় : ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে হস্তান্তরিত ০৭ টি মন্ত্রণালয়/বিভাগের কার্যক্রম পরিচালনা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, তৃণমূল পর্যায়ে জনসাধারণকে one Stop Service প্রদানের লক্ষ্যে পর্যায়ক্রমে সকল ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ করা হচ্ছে। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা-৬৩, তৃতীয় তফসিল এবং অনুমোদিত প্লান অনুযায়ী ০৭ টি মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরসমূহের মাঠ পর্যায় অফিসের জন্য ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনের নির্ধারিত কক্ষে বসে কার্যক্রম পরিচালনা করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণসহ নিম্নবর্ণিত ছক মোতাবেক এ বিভাগ-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

| ক্রমিক নং | মন্ত্রণালয়/বিভাগের নাম | দপ্তরের নাম | হস্তান্তরিত কর্মকর্তা/কর্মচারীদের নাম | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তা/কর্মচারীরা তদের নির্ধারিত কক্ষে বসছেন কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | স্থানীয় সরকার বিভাগ | ১. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের উপ- সহকারী প্রকৌশলী, জনবল ও তাহাদের কার্যাবলী | | |
| | | ২. জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের অধীনস্থ টিউবয়েল মেকানিক, জনবল ও তাহাদের কার্যাবলী | | |
| ২. | কৃষি মন্ত্রণালয় | ৩. কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অধীনস্থ উপ-সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, জনবল ও তাহাদের কার্যাবলী | | |
| ৩. | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ) | ৪. স্বাস্থ্য অধিদপ্তর | স্বাস্থ্য অধিদপ্তরের অধীনস্থ স্বাস্থ্য পরিদর্শক এবং সহকারী স্বাস্থ্য পরিদর্শক, জনবল ও তাহাদের কার্যাবলী | | |
| | | ৫. স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ অধিদপ্তর | পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অধিনস্থ পরিবার কল্যাণ পরিদর্শক ও পরিবার কল্যাণ সহকারী, জনবল এবং তাহাদের কার্যাবলী | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৪. | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | ৬. প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অধীনস্থ সহকারী শিক্ষা কর্মকর্তা, জনবল ও তাহাদের কার্যালী | | |
| ৫. | মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয় | ৭. মৎস্য ও পশু সম্পদ অধিদপ্তর | মৎস্য ও পশু সম্পদ অধিদপ্তরের অধীনস্থ ভেটেরেনারী ফিল্ড এসিসট্যান্ট এবং ফিল্ড এসিসট্যান্ট (কৃত্রিম প্রজনন), জনবল ও তাহাদের কার্যাবলী | | |
| ৬. | সমাজকল্যাণ মন্ত্রণালয় | ৮. সমাজসেবা অধিদপ্তর | সমাজসেবা অধিদপ্তরের অধীনস্থ ইউনিয়ন সমাজকর্মী, জনবল ও তাহাদের কার্যাবলী | | |
| ৭. | স্বরাষ্ট্র মন্ত্রণালয় (জননিরাপত্তা বিভাগ) | ৯. আনসার ও ভিডিপি অধিদপ্তর | আনসার ও ভিডিপি অধিদপ্তরের অধীনস্থ ইউনিয়ন দলনেতা, জনবল ও তাহাদের কার্যাবলী | | |

14.03.22

(জেসমীন প্রধান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৫৩৩৯৪
Email : lgup1@lgd.gov.bd

জেলা প্রশাসক (সকল)
----------------------- জেলা।

অনুলিপি: (জ্ঞাতার্থে/কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। অতিরিক্ত সচিব (ইউপি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। অফিস কপি।